

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর
২৮, শহীদ তাজউদ্দিন আহমেদ সরণি
তেজগাঁও, ঢাকা-১২০৮
(হিসাব ও বাজেট শাখা)
www.dlrs.gov.bd

স্মারক নং-৩১.০৩.২৬৯২.০০২.০৬.০৫৪.১৩(অংশ-১)-

তারিখঃ ১০/১৪২৬ বঙ্গাব্দ
১০/২০১৯ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন নির্দেশিকা, ২০১৯-২০ এ প্রয়োজনীয় নির্দেশনা অনুসরণে উত্তম চর্চার তালিকা প্রসংগে।

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন নির্দেশিকা, ২০১৯-২০ এর ৫নং ক্রমিকের নির্দেশনা অনুসরণে নিম্নোক্ত বিভিন্ন দপ্তর/শাখা হতে প্রাপ্ত উত্তম চর্চার তালিকা।

সেটেলমেন্ট প্রেস, তেজগাঁও, ঢাকাঃ

- ১। সকল কর্মকর্তা/কর্মচারী নির্ধারিত সময়ে অফিসে আগমন এবং কর্মস্থল ত্যাগ।
- ২। জোনাল সেটেলমেন্ট অফিস হতে এন্ট্রি ও মুদ্রণের জন্য প্রাপ্ত মৌজাসমূহের গুরুত্ব বিবেচনায় অগ্রাধিকার নির্বাচন এবং অগ্রাধিকার ভিত্তিতে প্রাপ্ত মৌজা এন্ট্রি ও মুদ্রণ কার্যক্রম গ্রহণ।
- ৩। মুদ্রণ সমাপ্ত মৌজার খতিয়ানসমূহ গ্রহণের লক্ষ্যে জোনাল সেটেলমেন্ট অফিসকে লিখিত/টেলিফোনিক অবহিতকরণ।
- ৪। অফিসে কর্মরত সকলের মধ্যে সৌহার্দপূর্ণ পরিবেশ, সুসম্পর্ক ও সহমর্মিতা সৃষ্টির কার্যক্রম গ্রহণ।
- ৫। কর্মস্থলে স্বাস্থ্যসম্মত ও কর্ম পরিবেশ বজায় রাখা।

জোনাল সেটেলমেন্ট অফিস, নোয়াখালীঃ

- ১। সকল কর্মকর্তা/কর্মচারী নির্ধারিত সময়ে অফিসে আগমন এবং কর্মস্থল ত্যাগ নিশ্চিতকরণ।
- ২। প্রাপ্ত চিঠিপত্রের গুরুত্ব বিবেচনায় অগ্রাধিকার ভিত্তিতে দ্রুত নিষ্পত্তি নিশ্চিত করণ।
- ৩। দালাল/সুবিধাভোগীদের দৌরাত্ম নিরসনের জন্য মাঠ জরিপ, চূড়ান্ত প্রকাশনা, আবেদন/মামলার শুনানীকালে প্রকৃত লোকের উপস্থিতি নিশ্চিতকরণ। প্রয়োজনে জাতীয় পরিচয়পত্র পরীক্ষণ।
- ৪। বিবিধ সেবা/পরামর্শ গ্রহণের জন্য আগত ভূমি মালিকদের তাৎক্ষনিক পরামর্শ/তথ্য প্রদান।
- ৫। কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে সুসম্পর্ক/সহমর্মিতা সৃষ্টি এবং কর্মস্থলে স্বাস্থ্যসম্মত পরিবেশ বজায় রাখা।



(এম. আলীম আখতার খান)
উপ-পরিচালক(অর্থ ও বাজেট)
ফোনঃ ০২-৯১২৫৫৯৯